

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৭

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে হেঁটে আসা।

باب مَا جَاءَ فِي الْمَشْيِ إِلَى الْمَسْجِدِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بِن عَبِد الْمَلِكِ بِن أَبِي الشَّوَارِب، حَدَّثَنَا يَزِيدُ بِن زُرَيْعٍ، حَدَّثَنَا مَعْمَر، عَن الزُّهْرِيّ، عَنْ أَبِي سَلَمَة، عَنْ أَبِي هُرَيْرَة، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا أُقِيمَتِ الصَّلاَةُ فَلاَ تَأْتُوهَا وَأَنْتُمْ تَسْعُوْنَ وَلَكِنِ النَّوُهَا وَأَنْتُمْ تَمْشُونَ وَعَلَيْكُمُ السَّكِينَةُ فَمَا أَدْرَكْتُمْ فَصَلُّوا وَمَا فَاتَكُمْ فَأَتِمُوا ". وَفِي الْبَابِ عَنْ أَبِي قَتَادَةَ وَأُبَيّ بْنِ كَعْبٍ وَأَبِي فَمَا أَدْرَكْتُم فَصَلُّوا وَمَا فَاتَكُمْ فَأَتِمُوا ". وَفِي الْبَابِ عَنْ أَبِي قَتَادَةَ وَأُبَيّ بْنِ كَعْبٍ وَأَبِي سَعِيدٍ وَزَيْدِ بْنِ ثَابِتِ وَجَابِرٍ وَأَنسِ . قَالَ أَبُو عِيسَى اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الْمَشْي إِلَى الْمَشْي إِلَى الْمَسْعِيدِ وَزَيْدِ بْنِ ثَابِتٍ وَجَابِرٍ وَأَنسٍ . قَالَ أَبُو عِيسَى اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الْمَشْي إِلَى الْمَشْعِ إِلَى الْمَسْعِيدِ وَزَيْدِ نَمْ وَلُ إِلَى الصَّلاَةِ . وَمِنْهُمْ مَنْ كَرِهَ الإِسْرَاعَ وَاخْتَارَ أَنْ يَمْشِيَ عَلَى تُوَدّةٍ وَوَقَارٍ الْعَمَلُ عَلَى حَدِيثَ أَبِي هُرَيْرَةَ . وَقَالَ إِسْحَاقُ وَقَالاَ الْعَمَلُ عَلَى حَدِيثَ أَبِي هُرَيْرَةَ . وَقَالَ إِسْحَاقُ إِنْ خَافَ وَهُ الْمَشْي . فَوْتَ التَّكْبِيرَةِ الأُولَى فَلاَ بَأْسَ أَنْ يُسْرِعَ فِي الْمَشْي .

বাংলা

৩২৭. মুহাম্মাদ ইবনু আবদিল মালিক ইবনু আবিশ-শাওয়ারিব (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ সালাতের ইকামত হলে তোমরা (তাড়াহুড়া করে) দৌড়াতে দৌড়াতে আসবে না, বরং সেদিকে হেঁটে আসবে। তোমাদের ধীরস্থির হওয়া উচিত। জামাআতের সাথে সালাতের যতটুকু পাবে, আদায় করে নিবে। আর যতটুকু ফওত হয়ে গেল তা (সালামের পর) পূরণ করে নিবে। - ইবনু মাজাহ ৭৭৫, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ কাতাদা, উবাই ইবনু কা'ব, আবৃ সাঈদ, যায়দ ইবনু সাবিত, জাবির ও আনাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ মসজিদে হেঁটে আসার বিষয়ে আলিমগণের মতভেদ রয়েছে। কেউ কেউ বলেনঃ তাকবীরে উলা ফওত হওয়ার আশংকা হলে দ্রুত পায়ে এসে সালাত ধরবে। এমনকি কোন কোন আলিম বলেনঃ এই অবস্থায় দৌড়ে এসেও সালাতে শরীক হবে। তবে কোন কোন আলিম



সালাতে দৌড়ে আসা পছন্দনীয় বলে মত দেন নি। তাঁরা বলেনঃ ধীর-স্থির ও সম্ভ্রমের সাথে মসজিদে হেঁটে আসবে। ইমাম আহমদ ও ইসহাক (রহঃ) এই অভিমত ব্যক্ত করেছেন। তাঁরা বলেনঃ আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীস অনুসারে আমল করা হবে। ইমাম ইসহাক (রহঃ) অবশ্য বলেনঃ তাকবীরে উলা ফওত হওয়ার আশংকা হলে দ্রুত হাঁটায় কোন দোষ নেই।

English

Abu Hurairah narrated that:

Allah's Messenger said: "When the Iqamah is called for Salat do not come to it rushing, rather come to it walking, and while you have tranquility. What you catch of it then pray it, and what you missed of it, then complete it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন